

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
শিক্ষা মন্ত্রণালয়  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর  
লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

স্মারক : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/১৪৮৭

তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ


বিষয় : 'ওয়ান চাইল্ড, ওয়ান টি' কর্মসূচি বাস্তবায়নে ২৯ জুন ২০২৬ তারিখে মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানে একযোগে বৃক্ষরোপণ কর্মসূচি পালন।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নির্বাচনী ইশতেহারের অন্যতম প্রতিশ্রুতি 'ওয়ান চাইল্ড, ওয়ান টি' কর্মসূচি বাস্তবায়নের লক্ষ্যে বিভিন্ন কর্মসূচি গৃহীত হয়েছে। এরই অংশ হিসেবে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের আওতায় বাস্তবায়নাধীন লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট কর্তৃক মাধ্যমিক পর্যায়ে সকল সরকারি ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠানে জলবায়ু অনুদান বাবদ ৫০০০.০০ (পাঁচ হাজার মাত্র) টাকা করে প্রদান করা হয়েছে। বর্ণিত অনুদানের অর্থ দিয়ে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে একটি ফলদ, একটি বনজ ও একটি ঔষধি বৃক্ষ রোপণ, ব্যানার/ফেস্টুন তৈরি এবং সেমিনার/র্যালি আয়োজনের নির্দেশনা প্রদান করা হয়েছে।

২। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী জনাব তারেক রহমান এমপি আগামী ২৯ জুন ২০২৬ তারিখে জাতীয় পর্যায়ে বৃক্ষরোপণ কর্মসূচি পালনে সদয় সম্মতি জ্ঞাপন করেছেন। মাননীয় প্রধানমন্ত্রী সকাল ১০.০৫ ঘটিকায় বৃক্ষরোপণ কর্মসূচি উদ্বোধন করবেন (অনুষ্ঠানসূচি সংযুক্ত)। উক্ত কর্মসূচির আওতায় নিম্নবর্ণিত কার্যক্রম গ্রহণ করা হয়েছে:

- প্রত্যেক শিক্ষা প্রতিষ্ঠানে ১টি ফলদ, ১টি বনজ ও ১টি ঔষধি বৃক্ষ রোপণ করা হবে;
- প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট এলাকার স্থানীয় জনপ্রতিনিধি, শিক্ষক, শিক্ষার্থী, অভিভাবক ও গণ্যমান্য ব্যক্তিবর্গ উপস্থিত থেকে সরাসরি বৃক্ষরোপণ কর্মসূচিতে অংশগ্রহণ করবেন;
- বিভিন্ন সরকারি-বেসরকারি মিডিয়ায় অনুষ্ঠানটি সরাসরি সম্প্রচার করা হবে;
- ভিডিও কনফারেন্সের মাধ্যমে নির্বাচিত শিক্ষা প্রতিষ্ঠানের অংশগ্রহণকারীগণ মাননীয় প্রধানমন্ত্রীর সঙ্গে যুক্ত হওয়ার সুযোগ পাবেন;
- শিক্ষা প্রতিষ্ঠানসমূহ অনুষ্ঠানটি সুন্দরভাবে পালনের জন্য প্রয়োজনীয় প্রস্তুতি গ্রহণ করবে। শিক্ষা প্রতিষ্ঠানসমূহকে উক্ত দিবসে ক্যাম্পাসে জলবায়ু বিষয়ক ব্যানার, ফেস্টুন ইত্যাদি টানানোর ব্যবস্থা করতে হবে;
- বৃক্ষরোপণ কর্মসূচি উপলক্ষ্যে প্রতিটি শিক্ষা প্রতিষ্ঠানের উদ্যোগে শিক্ষক-শিক্ষার্থীর অংশগ্রহণে ক্যাম্পাসে র্যালির আয়োজন করতে হবে।

৩। এ পরিপ্রেক্ষিতে, মাধ্যমিক পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানকে আগামী ২৯ জুন ২০২৬ তারিখে জাতীয় পর্যায়ে আয়োজিত বৃক্ষরোপণ কর্মসূচিতে একযোগে অংশগ্রহণের জন্য অনুরোধ করা হলো।

  
প্রফেসর ড. খান মইনুদ্দিন আল মাহমুদ সোহেল  
মহাপরিচালক  
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপার,.....।

স্মারক : মাউশি/লেইস/০১-১৩৬/জ. অ. স./২০২৫/১৪৮৭

তারিখ : ১১ আষাঢ় ১৪৩৩ বঙ্গাব্দ  
২৫ জুন ২০২৬ খ্রিস্টাব্দ


অনুলিপি (কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;

২. উপপরিচালক (মাধ্যমিক), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, সকল অঞ্চল;
৩. সিনিয়র সিস্টেম এনালিস্ট, ইএমআইএস সেল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ];
৪. জেলা শিক্ষা অফিসার, সকল জেলা;
৫. উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার, সকল উপজেলা/থানা।

সদয় অবগতির জন্য অনুলিপি (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [দৃ. আ: অতিরিক্ত সচিব (উন্নয়ন)];
২. সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয় [দৃ. আ: অতিরিক্ত সচিব (উন্নয়ন)];
৩. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর;
৪. পরিচালক (পরিকল্পনা ও উন্নয়ন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর;
৫. জেলা প্রশাসক, সকল জেলা;
৬. উপজেলা নির্বাহী অফিসার, সকল উপজেলা;
৭. পিএ টু মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ;
৮. সংরক্ষণ নথি।



(প্রফেসর মোঃ আসাদুজ্জামান)

প্রকল্প পরিচালক (অতিরিক্ত দায়িত্ব)

লার্নিং এক্সিলারেশন ইন সেকেন্ডারি এডুকেশন (লেইস) প্রজেক্ট

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়  
ময়মনসিংহ সদর, ময়মনসিংহ

স্মারক নং ৩৭.০২.৬১৫২.০০০.৯৯.০০০.২৬-২২৪


তারিখ: ২৮.০৬.২০২৬ খ্রি.

অনুলিপি: সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হ'ল।

অধ্যক্ষ/প্রধান শিক্ষক/সুপারিনটেনডেন্ট


..... স্কুল এন্ড কলেজ/স্কুল/মাদ্রাসা, ময়মনসিংহ সদর, ময়মনসিংহ।

উপর্যুক্ত পত্রের আলোকে নির্ধারিত সময়সূচি অনুযায়ী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ নিশ্চিত করার জন্য সর্বিনয়ে অনুরোধ করা হলো।



(মো. বেলায়েত হোসেন)

উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার

 ময়মনসিংহ সদর, ময়মনসিংহ  
২৮.০৬.২০২৬